DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 08:17 PM

আন্তর্জাতিক

নির্বাসন কাটিয়ে দেশে ফিরলেন ভেনেজুয়েলার নোবেলজয়ী মাচাদো

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: সোমবার, ২৬ অক্টোবর ২০২৬, ০২:০০ PM



নির্বাসনে থাকার ১০ মাসের বেশি সময় পর ভেনেজুয়েলায় ফিরেছেন দেশটির বিরোধীদলীয় নেতা ও শান্তিতে নোবেলজয়ী মারিয়া কোরিনা মাচাদো।

রবিবার (২৫ অক্টোবর) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে এক পোস্টে দেশে ফেরার বিষয়টি নিশ্চিত করেন তিনি।

পোস্টে মাচাদো লেখেন, আমি এখানে। আপনাদের সঙ্গে। তার মিত্র ও বিরোধী প্রেসিডেন্ট প্রার্থী এদমুন্দো গনজালেসও পরে খবরটি নিশ্চিত করেন। তিনি বলেন, মাচাদোর প্রত্যাবর্তন ভেনেজুয়েলাবাসীর জন্য গুরুত্বপূর্ণ দিন। দেশকে স্বাধীনতার পথে এগিয়ে নিতে শিগগিরই তার সঙ্গে যোগ দেওয়ার আশাও প্রকাশ করেন তিনি।


২০২৫ সালের শেষ দিকে নোবেল শান্তি পুরস্কার গ্রহণের জন্য গোপনে দেশ ছাড়ার পর থেকে নির্বাসনে ছিলেন মাচাদো। তার এক সহযোগীর দাবি, দেশে ফেরার জন্য সাতবার চেষ্টা করলেও প্রতিবারই কর্তৃপক্ষ তাকে বাধা দিয়েছে।

এদিকে, চলতি বছরের জানুয়ারিতে ভেনেজুয়েলার সাবেক প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে কারাকাস থেকে আটক করে যুক্তরাষ্ট্রের বাহিনী। বর্তমানে কয়েকটি অভিযোগে যুক্তরাষ্ট্রে তার বিচার চলছে। মাদুরোর আমলের ভাইস প্রেসিডেন্ট দেলসি রদ্রিগেজ এখন ভারপ্রাপ্ত প্রেসিডেন্টের দায়িত্ব পালন করছেন। যুক্তরাষ্ট্রের হাতে দেশটির তেলসম্পদের নিয়ন্ত্রণ তুলে দেওয়াসহ বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে তিনি ওয়াশিংটনের আস্থা অর্জনের চেষ্টা করছেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



ক্রিমিয়া সেতুতে হামলার জবাবে ইউক্রেনে রাশিয়ার ব্যাপক হামলা, নিহত ৮
ক্রিমিয়া সেতুতে ইউক্রেনের হামলার প্রতিক্রিয়ায় দেশটির বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। এতে রাজধানী কিয়েভে ছয়...



হরমুজ প্রণালিতে মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিতের দাবি ইরানের
পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের অত্যাধুনিক এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরান। দেশটির সেনাবাহ...



সৌদি ভূখণ্ডের কিছু অংশ হুথিদের দখলে, দাবি টাকার কার্লসনের
ইয়েমেনের হুথি বিদ্রোহীরা সৌদি আরবের কিছু এলাকা দখলে রেখেছে বলে দাবি করেছেন মার্কিন রক্ষণশীল পডকাস্টার টাকার কার্লসন। তাঁর অভিযোগ, সৌদি ভূখণ্...



বাব আল-মান্দেবের পর এবার এডেনের পথে হুতিরা, অবরুদ্ধ হওয়ার শঙ্কা

ইয়েমেনের গুরুত্বপূর্ণ সমুদ্রপথ বাব আল-মান্দেব প্রণালি ও লোহিত সাগরের উপকূলীয় এলাকায় প্রভাব বিস্তারের পর এবার দক্ষিণাঞ্চলীয় গুরুত্বপূর্ণ শহর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/nirbasn-katiye-deshe-firlen-bhenejuyelar-nobeljyi-machado